



◆ নেতাজি ◆

১৮৯৭ সালের ২৩শে জানুয়ারি ওড়িশার কটক শহরে সুভাষচন্দ্র জন্মগ্রহণ করেন। বাবা জানকীনাথ বসু কটকে ওকালতি করতেন। মা ছিলেন বিভাবতী দেবী। প্রাথমিক পাঠ শেষ করে তরুণ সুভাষচন্দ্র কলকাতার স্কটিশচার্চ কলেজে ভর্তি হন। ইংল্যান্ড থেকে আই. সি. এস. পাশ করে দেশে ফেরেন। তরুণ সুভাষচন্দ্র ইংরেজের লোভনীয় চাকরি না করে স্বাধীনতা আন্দোলনে যোগ দেন। এজন্য বহুবার তাকে জেলে যেতে হয়। ভারতবর্ষকে স্বাধীন করার জন্য দ্বিতীয় মহাযুদ্ধের সময়ে তিনি

গোপনে জার্মানি, জাপান ঘুরে সিঙ্গাপুরে আসেন। এখানে সুভাষচন্দ্র 'আজাদ হিন্দ ফৌজ' নামে এক সেনাবাহিনী তৈরি করেন। ভারতের মণিপুরে ইংরেজের সঙ্গে লড়াই করে আজাদ হিন্দ বাহিনী পরাজিত হয়। আজাদ হিন্দ ফৌজ গঠন করার পরই তাঁর নাম হয় 'নেতাজি'। ভারতীয়রা নেতাজিকে চিরকাল মনে রাখবে। তাঁর প্রতি শ্রদ্ধা জানাতে ভারতীয়রা তাঁর জন্মদিন ২৩শে জানুয়ারিকে প্রতি বছর শ্রদ্ধার সাথে পালন করে।